

যুগান্তর

৩ ২

## মাদ্রাসায় অগ্নিকাণ্ড : দুর্ঘটনা নাকি নাশকতা পুলিশ নিশ্চিত নয়

### যুগান্তর রিপোর্ট

ডেমরার ছনটেক মহিলা মাদ্রাসায় অগ্নিকাণ্ডের ঘটনার পাঁচদিন পরিয়ে গেলেও পুলিশ অগ্নিকাণ্ড নিছক দুর্ঘটনা নাকি নাশকতা এ সম্পর্কে নিশ্চিত হতে পারেনি। আজ (বৃহস্পতিবার) গ্রেফতারকৃত চার আসামির চার দিনের রিমান্ড শেষে আদালতে পাঠানো হবে। রিমান্ডে আসামিরা যে পাঁচ যুবকের নাম বলেছিল তাদের গ্রেফতার করতে তদন্তকারী কর্মকর্তা ঢাকার বাইরে অভিযান চালিয়ে শূন্য

হাতে ফিরে এসেছেন। গত শনিবার গভীর রাতে ডেমরা ছনটেক জামেয়া ইসলামিয়া আশরাফুল উলুম মহিলা মাদ্রাসা ও এতিম খানায় ভয়াবহ অগ্নিকাণ্ডে সাত আবাসিক ছাত্রীর মর্মান্তিক মৃত্যু হয়। আহত হয় অর্ধশতাধিক ছাত্রী।

শোক কাটিয়ে মাদ্রাসা কর্তৃপক্ষ আবার মাদ্রাসা চালুর পদক্ষেপ নিচ্ছে। মাদ্রাসার শিক্ষক মাওলানা মুখলেছুর রহমান কাশেমী যুগান্তরকে জানান, আপাতত মাদ্রাসা আবার

### দুর্ঘটনা : নাকি নাশকতা (৩য় পৃষ্ঠার পর)

চালু করতে ভাড়া করা বাসা খোঁজা হচ্ছে। ইতিমধ্যেই ৩০ ছাত্রীর অভিভাবকরা তাদের সঙ্গে যোগাযোগ করেছেন। এছাড়া মাদ্রাসার নিজস্ব জমিতে ফের মাদ্রাসা গড়ে তুলতে স্থানীয় এমপি সালাউদ্দিনকে আহ্বায়ক করে সাত সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে বলে তিনি জানান। জানা গেছে, পুলিশ যাদের সন্ধান করছে তারা গত বছর কাজলা পেট্রোল পাম্প থেকে অগ্নিদূত স্কুল পর্যন্ত জমিতে লাল ফ্ল্যাগ উড়িয়েছিল। কোন উদ্দেশ্যে ওই ফ্ল্যাগ তোলা হয়েছিল পুলিশ তার সন্ধান করছে।